

## নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে কাজ করতে হবে- শিক্ষামন্ত্রী

ঢাকা, ২০ আগস্ট ২০১৭

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নই আমার জীবনের লক্ষ্য। তাঁর স্বপ্নের বাস্তবায়নে কাজ করে যাব-এটাই আমার শপথ। তিনি শিক্ষার্থীদের বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে কাজ করার আহ্বান জানান।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর ঢাকা কলেজ অডিটোরিয়ামে স্কুল, কলেজ ও মাদরাসার শিক্ষার্থীদের উদ্দেশে বক্তৃতাকালে একথা বলেন। চ্যানেল আইয়ের উদ্যোগে শিক্ষামন্ত্রীর এই একক বক্তৃতার আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের নতুন প্রজন্ম মেধার দিক থেকে দরিদ্র নয়। তারা বিশ্বমানের মেধার অধিকারী। তারাই উন্নত বাংলাদেশ গড়ে তুলবে। তারা বিশ্বের অন্যান্য দেশের তরুণ প্রজন্মের সাথে দক্ষতা, যোগ্যতা নিয়ে প্রতিযোগিতা করতে পারবে। তিনি বলেন, বঙ্গবন্ধু একটি শোষণমুক্ত উন্নত বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন। এই স্বপ্ন বাস্তবায়নে তরুণদের এগিয়ে আসতে হবে।

পরে শিক্ষামন্ত্রী শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে. চৌধুরী এবং ঢাকা কলেজের অধ্যক্ষ মো. মোয়াজ্জম হোসেন মোল্লাহ। অনুষ্ঠানটি পরিচালনা করেন চ্যানেল আইয়ের সিনিয়র রিপোর্টার মোস্তফা মল্লিক।

অনুষ্ঠানের শুরুতে শিক্ষামন্ত্রীর জীবন ও কর্মের ওপর নির্মিত একটি ভিডিওচিত্র প্রদর্শন করা হয়।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষামন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯